



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং : মাউশিবোদি/পনি/এইচএসসি পরী:-২০২৬/২৫৩(১০)

তারিখ : ০৮/০৭/২০২৬ খ্রি.

বিষয় : ২০২৬ সালের এইচএসসি পরীক্ষার লিখিত উত্তরপত্রের টপকভার OMR-এর ১ম অংশ কম্পিউটার কেন্দ্রে প্রেরণের ক্ষেত্রে অধিক সতর্কতা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আবহাওয়াজনিত কারণে দিনাজপুর শিক্ষা বোর্ডের বিভিন্ন জেলায় বৃষ্টিপাত হচ্ছে। এ সময়ে ২০২৬ সালের এইচএসসি পরীক্ষা চলমান। অনুর্দ্ধিতব্য এইচএসসি পরীক্ষা-২০২৬ এর পরীক্ষার্থীদের লিখিত উত্তরপত্রের টপকভার OMR-এর ১ম অংশ পরীক্ষা পরিচালনা নীতিমালা-২০২৬ এর ৫(এ৩) মোতাবেক “প্যাকেটগুলি প্রথমে পলিথিন দিয়ে মুড়ানোর পর গোলাপী রঙের কাপড় দিয়ে মুড়ে সেলাই করে সীলগালা করতে হবে”। অতঃপর সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার কেন্দ্র, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী বরাবরে প্রেরণ করতে হবে। প্যাকেটগুলি এমনভাবে পলিথিন দিয়ে মুড়াতে হবে যাতে প্যাকেটের ভিতর কোনোভাবেই পানি প্রবেশ না করে।

এ বিষয়ে ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ভারপ্রাপ্ত কর্মকর্তা

দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন

সকল এইচএসসি পরীক্ষা কেন্দ্র- ২০২৬।

প্রফেসর মোঃ বোরহান উদ্দিন

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
- ০২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ০৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ০৫। জেলা শিক্ষা অফিসার, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
- ০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ০৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, দিনাজপুর শিক্ষা বোর্ড।
- ০৮। অফিস নথি।